গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা, ১২০৯
www.pmeat.gov.bd

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ২০২০ সালের স্নাতক ও সমমান পর্যায়ের উপবৃত্তি বিতরণের অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী।**

সভাপতি : নাসরীন আফরোজ, ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা-১২০৯।
সভার তারিখ : ১২/০৮/২০২১ খ্রি:
সময় : বিকাল ০৩.০০ টা।
স্থান : ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-এর অফিস কক্ষ, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট ।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ২০২০ সালের স্নাতক ও সমমান পর্যায়ের উপবৃত্তি বিতরণের অগ্রগতি বিষয়ে গত ১২ আগস্ট ২০২১ খ্রি: তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় ব্যবস্থাপনা পরিচালকের অফিসকক্ষে এক অনানুষ্ঠানিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) নাসরীন আফরোজ সভাপতিত্ব করেন। সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:

(১) কাজী দেলোয়ার হোসেন (পরিচালক); (২) জনাব জান্নাতুল ফেরদৌস (উপ-পরিচালক); (৩) কাজী হাসিবুদ্দীন আহমেদ, সহকারী পরিচালক (উপবৃত্তি); এবং (৪) জনাব রাজিবুল হাসান (প্রোগ্রামার)।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এরপর তিনি একে একে সভায় উপস্থিত সকলকে ২০২০ সালের স্নাতক ও সমমান পর্যায়ের উপবৃত্তি বিতরণের অগ্রগতি বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। উপস্থিত কর্মকর্তাগণ ২০২০ সালের উপবৃত্তি বিতরণের অগ্রগতি পর্যালোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | ট্রাস্টের ২০২০ সালের স্নাতক ও সমমান পর্যায়ের উপবৃত্তি বিতরণের অগ্রগতি | সহকারী পরিচালক (উপবৃত্তি) কাজী হাসিবুদ্দীন আহমেদ সভাকে অবহিত করেন যে, ২০২০ সালে উপবৃত্তির জন্য ১,৮২,১০৩ (এক লক্ষ বিরাশি হাজার এক শত তিন) জনকে নির্বাচিত করে সকলের নিকট উপবৃত্তির অর্থ বিতরণের জন্য প্রয়োজনীয় অর্থ ছাড় করা হয়েছে। এর মধ্যে ১,৭১,১২৮ (এক লক্ষ একাত্তর হাজার এক শত আটাশ) জন শিক্ষার্থী তাদের প্রদেয় স্ব-স্ব ব্যাংক একাউন্ট/মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বরে টাকা গ্রহণ ও উত্তোলন করেছেন। উপবৃত্তি বিতরণ সংশ্লিষ্ট মোবাইল অপারেটর এবং অনলাইন ব্যাংকিং সংশ্লিষ্ট ব্যাংক হতে প্রেরিত প্রতিবেদন অনুযায়ী ১০,৯৭৫ (দশ হাজার নয় শত পঁচাত্তর) জন শিক্ষার্থীর ব্যাংক একাউন্ট/মোবাইল ব্যাংকিং একাউন্ট সঠিক না থাকায় সেসব একাউন্টে অর্থ প্রেরণ করা যায় নি। এ বিষয়ে ট্রাস্ট এর উপবৃত্তি শাখা হতে ১১/০৪/২১ তারিখে ইস্যুকৃত পত্রে ভুল হিসাব নম্বর সংশোধন করে সঠিক হিসাব নম্বর ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রেরণের জন্য সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণকে অনুরোধ | স্নাতক ও সমমান পর্যায়ে শিক্ষার্থীদেরকে ২০২০ সালের উপবৃত্তি কার্যক্রমে অগ্রগতির জন্য সভায় সন্তোষ প্রকাশ করা হয়। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | জানান হয়। এছাড়া এ বিষয়ে যে কোন তথ্য ও সহযোগিতার জন্য হেল্প লাইন নম্বর দেওয়া হয়েছিল। পরবর্তীতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে ফোনে যোগাযোগ করে দ্রুত তথ্য প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। কিন্তু ০২ (দুই) মাসের বেশি সময় অতিক্রান্ত হওয়ার পরও অধিকাংশ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা করোনা পরিস্থিতির কথা বলে শিক্ষার্থীর সঠিক হিসাব নম্বর সংক্রান্ত তথ্য প্রেরণ করতে পারেননি। যে সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শিক্ষার্থীর সংশোধিত সঠিক হিসাব নম্বর সংক্রান্ত তথ্য প্রেরণ করেছিল তাদের তথ্য সংশোধন করে উপবৃত্তির অর্থ প্রেরণ করা হয়েছে। উপবৃত্তি বিতরণ সংক্রান্ত Compliance Report অগ্রণী ব্যাংক, প্রেস ক্লাব শাখা হতে ইতোমধ্যে পাওয়া গেছে। | |
| ২. | ত্রুটিপূর্ণ হিসাব নম্বর সংশ্লিষ্ট শিক্ষার্থীদের হিসাব নম্বর সংশোধন সময় বৃদ্ধিকরণ | পরিচালক উল্লেখ করেন যে, শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের বিষয়টি বিবেচনা করে শিক্ষার্থীর হিসাব নম্বর সংশোধনের জন্য সময় বাড়ানো যায় কিনা সে বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে ট্রাস্টের উপ-পরিচালক বলেন যে, এ কাজের জন্য সময় বৃদ্ধি করার পরও ০২ (দুই) মাসের বেশি সময় অতিক্রান্ত হওয়া সত্ত্বেও অধিকাংশ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার করোনা পরিস্থিতির কারণে শিক্ষার্থীর সংশোধিত হিসাব নম্বর সংক্রান্ত তথ্য প্রেরণ করেননি। এমতাবস্থায় এ বিষয়ে আর সময় বৃদ্ধি না করাই শ্রেয়। | শিক্ষার্থীদের হিসাব নম্বর সংশোধনের সময় বৃদ্ধি করা হবে না। |
| ৩. | 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যারে কারিগরি সমস্যা দূরীকরণসহ প্রয়োজনীয় মেনু সংযোজন | ট্রাস্টের উপ-পরিচালক বলেন, ২০২০ সালের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রাপ্তির আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণের সকল কাজ 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' এর মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। উক্ত কাজ চলাকালীন সময়ে এ নতুন সফটওয়্যারে বেশকিছু কারিগরি সমস্যা উদ্ভব এবং কিছু ফিচার/রিপোর্ট প্রণয়নের মেনু সংযোজন করা হয়নি মর্মে দেখা গেছে । এ সব বিষয়ে কারিগরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান সিনেসিস আইটির সাথে ইতোমধ্যে ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় কারিগরি সমস্যা ও রিপোর্টের ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় এবং সিনেসিস আইটির হেড অফ সফটওয়্যার ডেভেলপমেন্ট জনাব মো: শাহ জালাল উপস্থাপিত সমস্যাগুলো দ্রুত সমাধানের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে প্রতিশ্রুতি প্রদান করেছেন।<br><br>এ প্রসঙ্গে ট্রাস্টের প্রোগ্রামার উল্লেখ করেন যে, ইতোমধ্যে উক্ত সভার কার্যবিবরণী সিনেসিস আইটিকে প্রেরণ করা হয়েছে। | 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যারে কারিগরি সমস্যা দূরীকরণসহ প্রয়োজনীয় মেনু সংযোজনের জন্য সিনেসিস আইটিকে জরুরীভাবে জানাতে হবে। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৪. | 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যারটিকে জনবান্ধব করার জন্য করণীয় নির্ধারণে সভার আয়োজন। | ব্যবস্থাপনা পরিচালক ২০২০ সালের স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রাপ্তির আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণের সময় প্রাপ্ত সমস্যা ও সফটওয়্যারটিকে আরো জনবান্ধব করার জন্য ট্রাস্টের পরিচালকের নেতৃত্বে ১৬ আগস্ট ২০২১ তারিখে উপ-পরিচালক, সহকারী পরিচালক (উপবৃত্তি), সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) এবং আইসিটি শাখার সকল কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে পর্যালোচনা ও করণীয় নির্ধারণের জন্য সভা আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যারটিকে জনবান্ধব করার জন্য করণীয় নির্ধারণের লক্ষ্যে ১৬ আগস্ট ২০২১ তারিখে ট্রাস্ট এর সংশ্লিষ্টদের সমন্বয়ে সভার আয়োজন করতে হবে। |
| ৫. | সফটওয়্যার পরিচালনা ও রক্ষণাবেক্ষণ | উপ-পরিচালক বলেন, আগস্ট ২০২২ এর পরে সিনেসিস আইটির সাথে ট্রাস্টের মেইটেনেন্স চুক্তি শেষ হয়ে যাবে বিধায় পরবর্তীতে ট্রাস্টের আইসিটি শাখাকে উক্ত সফটওয়্যারটি পরিচালনা ও রক্ষণাবেক্ষণ দায়িত্ব গ্রহণ করতে হবে। এজন্য ট্রাস্টের আইসিটি শাখার কর্মকর্তা-কর্মচারীদের সিনেসিস আইটি কর্তৃক প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করা হয়। | সফটওয়্যার পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য আইসিটি শাখার সকলকে সিনেসিস আইটি কর্তৃক প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮.০৮.২০২১

(নাসরীন আফরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

বিতরণ:

১. পরিচালক (যুগ্ম-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
২. উপ-পরিচালক (উপ-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৩. সহকারী পরিচালক (উপবৃত্তি), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
৪. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
৫. প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
৬. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।